

শ্রেণি: নবম

বিষয়: বাংলা ১ম (পদ্য)

আজকের পাঠ: সেই দিন এই মাঠে

তারিখ: ২২/০৯/২০

জ্ঞানমূলক

১. কবি জীবনানন্দ দাশ কত বছর বেঁচে ছিলেন?
২. কবি কুসুম কুমারী দাশ কে ছিলেন?
৩. প্রকৃতি বিচিত্র বিবর্তনের মধ্যেও কী হারিয়ে ফেলবে না?
৪. 'এই নদী নক্ষত্রের তলে'- এর পরের চরণটি কী?
৫. কবি 'শান্ত বাতি' দ্বারা কীসের উপমা দিয়েছেন?
৬. কবি 'শিশিরের জল'কে কীসের সাথে তুলনা করেছেন?
৭. লক্ষ্মীপেঁচার কণ্ঠে কী ধ্বনিত হয়?
৮. কবি স্বপ্নকে কীসের সাথে তুলনা করেছেন?
৯. 'সেই দিন এই মাঠ' কবিতাটি কোন বিষয়ের ওপর রচিত?
১০. ব্যাবিলন সভ্যতা কোন এলাকাকে নির্দেশ করে?

অনুধাবনমূলক

১. খেয়া নৌকাগুলো চরের কাছে লাগানোর বিষয়টি উল্লেখ করে কবি কী বোঝাতে চেয়েছেন?
২. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল' বলতে কবি কী বুঝিয়েছেন?
৩. এই নদী নক্ষত্রের তলে সেদিনও কেন স্বপ্ন দেখবে?
৪. 'আমি চলে যাব' বলতে কবি কী বুঝিয়েছেন?
৫. সেই দিন এই মাঠ স্তব্ধ হবেনা কেন?
৬. চারিদিকে শান্ত বাতি মৃদু কলরব যে বিষয়টিকে ইঙ্গিত করে তা ব্যাখ্যা কর।

## সৃজনশীলঃ

১. জীল দশম শ্রেণিতে পড়ে। তার খুব শখ কবি হিসেবে এই দেশে একদিন প্রতিষ্ঠিত হবে। সারা দেশ তাকে এক নামে চিনবে। এমনকি তার মৃত্যুর পর দেশের প্রকৃতিও তাকে চিরস্মরণীয় করে রাখবে। কারণ জলিল প্রকৃতি নিয়ে কবিতা লিখতে পছন্দ করে। এ সবই তার স্বপ্ন। তার এ স্বপ্নের সাধ পৃথিবীতে না মিটলে তার চাওয়া-পাওয়া সবই অপূর্ণ থেকে যাবে।

ক) লক্ষ্মীপেঁচা কোথায় গান গায়?

খ) 'সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর বারে।' লাইনটি ব্যাখ্যা কর।

গ) 'উদ্দীপকের জীল-এর সঙ্গে "সেই দিন এই মাঠ" কবিতার প্রেক্ষাপটগত মিল রয়েছে।' আলোচনা কর।

ঘ) 'প্রকৃতি শুধু সৌন্দর্যবর্ধনের বিস্ময়কর শক্তিই নয়, বরং সভ্যতার বিবর্তনেও অসীম ভূমিকার দাবিদার।' সংশ্লিষ্ট উদ্দীপক ও কবিতার আলোকে বিশ্লেষণ কর।